গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.moca.gov.bd)

**বিষয়: শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ পালন ও মহান বিজয় দিবস ২০২৪ উদ্‌যাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: আতাউর রহমান<br>অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্বে)<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ১১ নভেম্বর ২০২৪ |
| সময় | : | সকাল ১০.০০ টা |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভাকক্ষ এবং জুম প্লাটফর্ম |
| সভায় উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (অনুষ্ঠান) কার্যপত্র উপস্থাপন করেন। তিনি বলেন, ১৪ ডিসেম্বর ২০২৪ শহিদ বুদ্ধিজীবী দিবস পালন ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে গত ২১ অক্টোবর ২০২৪ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ পালন এবং মহান বিজয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি গ্রহণ করা হয়। গৃহীত কর্মসূচিসমূহ বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর/সংস্থাকে বাস্তবায়নের দায়িত্ব প্রদান করা হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কেও বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে সহযোগী হিসেবে রাখা হয়েছে। সভায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

২.০ বিস্তারিত আলোচনান্তে শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে নিম্নরূপ কর্মসূচি চূড়ান্ত করণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | তারিখ | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | ১৪-১২-২৪ | ক) ১৪ ডিসেম্বর ২০২৪ তারিখ সকাল ৮.০০টায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থার পক্ষ হতে মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে রায়ের বাজার বধ্যভূমি স্মৃতিসৌধে গমন এবং পুষ্পস্তবক অর্পণ। উল্লেখ্য, মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধান উপদেষ্টা যথাক্রমে সকাল ৭.০৫ এবং ৭.০৬ মিনিটে মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করবেন। পুষ্পস্তবক অর্পণ শেষে মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধান উপদেষ্টা যথাক্রমে সকাল ৭.১৫ এবং ৭.২০ মিনিটে মিরপুর শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ প্রস্থান করবেন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থা |
| | | খ) ১৪ ডিসেম্বর ২০২৪ তারিখ সকল দপ্তর/সংস্থায় শহিদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও আলোচনা সভা আয়োজন। | সকল দপ্তর/সংস্থা |

৩.০ অতঃপর সভায় মহান বিজয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে নিম্নরূপ কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | তারিখ | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | ১৬-১২-২৪ | ১৬ ডিসেম্বর ২০২৪ তারিখ সকাল ৯.০০টায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারী এবং মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রধানগণ কর্তৃক সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন ঢাকাস্থ সকল দপ্তর/সংস্থা। |
| ৩.২ | ১৬-১২-২৪ (পতাকা বিধি অনুযায়ী) | ক) পতাকা বিধি অনুযায়ী জাতীয় পতাকা উত্তোলন। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |
| | | গ) অফিস ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা (পরিস্থিতি বিবেচনায় এ বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা যাবে)। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা। |
| ৩.৩ | ১৬-১২-২৪ | ক) দেশের সকল জেলা এবং উপজেলায় দিনব্যাপী আড়ম্বরপূর্ণ বিজয়মেলায় (চারু, কারু ও স্থানীয়ভাবে উৎপাদিত শিল্প পণ্যের) অংশগ্রহণ।<br><br>খ) আলোচনা সভা, শিশুদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন। | ক) বাংলাদেশ শিল্পকলা একাডেমি, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন ও ৭টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রতিষ্ঠান।<br><br>খ) সকল দপ্তর/সংস্থা |
| ৩.৪ | ১৬-১২-২৪ | খ) বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় কর্তৃক দেশের সকল পর্যটন কেন্দ্রে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনে বাংলাদেশ শিল্পকলা একাডেমি প্রয়োজনীয় সহযোগিতা করবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ৩.৫ | ১৬-১২-২৪ | সরকারি ও বেসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থার জাদুঘরসমূহ সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকিটে জনসাধারণের জন্য উন্মুক্ত রাখা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ জাতীয় জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন। |

৪.০ উপরোক্ত কর্মসূচির আলোকে সকল দপ্তর/সংস্থা মহান বিজয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন করে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করবেন।

৫.০ সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৪ পালন ও ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত ও অনলাইনে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১১/২০২৪

মো: আতাউর রহমান
অতিরিক্ত সচিব (সচিবের রুটিন দায়িত্বে)

স্মারক নং: ৪৩.০০.০০০০.১২৪.২৩.১৯৭.২৩. ৫৮৫

তারিখ: ২৯ কার্তিক ১৪৩১
১৪ নভেম্বর ২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা;
৩. মহাপরিচালক, বাংলা একাডেমি, ঢাকা;
৪. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা;
৫. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা;
৬. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা;
৭. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা;
৮. রেজিস্ট্রার অফ কপিরাইটস, বাংলাদেশ কপিরাইট অফিস, শেরেবাংলা নগর, ঢাকা;
৯. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান হাউজ, বাংলা একাডেমি, ঢাকা;
১০. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
১১. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;
১২. যুগ্মসচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ;
১৪. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
১৫. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
১৬. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
১৭. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি;
১৮. উপ-পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;
১৯. উপ-পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী;
২০. উপ-পরিচালক, মনিপুরী ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার;

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
২. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. অফিস কপি।

১৪/১১/২৪

(মো: আবদুল মালেক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৯৫১৫৫১৬
ইমেইল: event.section@moca.gov.bd